AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 05-11-2026 Time: 1.40 PM

কেন্দ্রের পাশাপাশি রাজ্যের নতুন সরকার কৃষকদের প্রতি দায়বদ্ধ বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। হুগলীর পুরশুড়ায় আজ এক সরকারী অনুষ্ঠান মঞ্চ থেকে তিনি প্রধানমন্ত্রী কিষাণ সম্মাননিধি প্রকল্পে কৃষকদের আর্থিক সহায়তা প্রদান করেন। এই প্রকল্পে নথিভূক্ত কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে রাজ্যের দেওয় টাকা পাঠানো হচ্ছে।

একই সঙ্গে আজ মুখ্যমন্ত্রী কৃষক সম্মান যোজনার উদ্বোধন হয়েছে। দুটি প্রকল্প মিলিয়ে কৃষকরা মোট ৯ হাজার টাকা আর্থিক সহায়তা পাবেন। উপকৃত হবেন ৪৬ লক্ষের বেশী কৃষক। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ক্ষতিগ্রস্ত চাষিদের পাশাপাশি আলু চাষিদের জন্য বিশেষ প্যাকেজ ঘোষণা করেন।

তিনি জানান ৮৯ হাজার কৃষক ফসল বীমার টাকা পেয়েছেন। ৪ লক্ষ কৃষককে বিদ্যুৎ সংযোগে ইউনিটে ২ টাকা ভর্তুকি দেওয়া হচ্ছে।

(বাইট – মুখ্যমন্ত্রী/ভর্তুকি)

চাষিদের বঞ্চনায় বিগত সরকারের সমালোচনা করে মুখ্যমন্ত্রী জানান এবার থেকে হিমঘরগুলি সরকারী সহায়তা পাবে। প্রসারিত হবে সুফল বাংলা প্রকল্পটিও।

পি এম কুসুম প্রকল্পের সুবিধাও চাষিরা পাবেন বলে মুখ্যমন্ত্রী জানান।

তিনি বলেন, পশ্চিমবঙ্গ আবাস যোজনায় তৃতীয় কিস্তির টাকা দেওয়া হবে। কালীপুজোর পরই এই টাকা প্রাপকদের কাছে পৌঁছে যাবে। মালদা সহ দক্ষিণবঙ্গে বন্যার কথা উল্লেখ করে মুখ্যমন্ত্রী জানান, ভূতনির চরে ১০ হাজার ৭৫০ জনকে মুসুর ও সরিষার বীজ বিতরণ করা হচ্ছে।

বন্যায় যেসব কৃষকদের বাড়ি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত তাদের ১ লক্ষ ৮০ হাজার, আংশিক ক্ষতির ক্ষেত্রে ৯০ হাজার টাকা করে সহায়তা দেওয়ার কথা মুখ্যমন্ত্রী জানান।

(বাইট – মুখ্যমন্ত্রী)

অনুষ্ঠান শেষে মুখ্যমন্ত্রী পুরশুড়া থানার নতুন ভবনের উদ্বোধন করেছেন।

oooooooooooooooooo

রাজ্য সরকার আজ আনুষ্ঠিকভাবে নতুন শিল্পনীতি ঘোষণা করতে চলেছে। শিল্প সংক্রান্ত মন্ত্রিগোষ্ঠী, দফতরের আধিকারিক, বিভিন্ন শিল্পপতি ও বণিক সংগঠনের প্রতিনিধিদের উপস্থিতিতে বিকেলে নিউটাউনে উৎসারিতে রাজ্যের নতুন শিল্পনীতি ঘোষণা করবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

উল্লেখ্য, নতুন এই শিল্পনীতির মূল উদ্দেশ্য বড় বিনিয়োগ আকর্ষণ, কর্মসংস্থান বৃদ্ধি ও ব্যবসার কাজ আরও সহজ করা। একশো কোটি টাকার বেশি বিনিয়োগে বিশেষ আর্থিক সুবিধা দেওয়ারও প্রস্তাব রয়েছে এতে।

পাশাপাশি পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র, জমির মিউটেশন ও চরিত্র পরিবর্তন, ট্রেড লাইসেন্স এবং বিল্ডিং প্ল্যান অনুমোদনের মত পরিষেবায় গতি বাড়াতে এক জানালা ব্যবস্থা চালুর পরিকল্পনা নেওয়া হয়েছে।

oooooooooooooooooo

দীপাবলির আগে শেয়ার বাজারে চাঙাভাব লক্ষ্য করা যাচ্ছে। আজ দিনের শুরুতেই ৭৯ হাজারের ঘর ছুঁয়ে ফেলে বোম্বে শেয়ার সূচক। কিছুক্ষণ পর দেড় হাজার পয়েন্টের বেশি বেড়ে যায় সেনসেক্স।

শেষ খবর পাওয়া পর্যন্ত সেনসেক্স ১ হাজার ৬৪৪ পয়েন্ট বেড়ে ৭৮ হাজার ৯৪৫-এ দাঁড়িয়েছে।

অন্যদিকে জাতীয় শেয়ার সূচক নিফটিও ৪৬৭ পয়েন্ট বৃদ্ধি পেয়ে ২৪ হাজার ৪২৮-এ পৌঁছেছে। অটো মোবাইল আর্থিক পরিষেবা এবং সিমেন্টের শেয়ারগুলি সর্বাধিক বৃদ্ধি পেয়েছে।

oooooooooooooooooo

বিধানসভায় বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় সহ ১০ বিদ্রোহী তৃণমূল কংগ্রেস বিধায়ককে বিধায়ক পদ খারিজের দাবিতে শীর্ষ আদালতে দায়ের করা কালীঘাট তৃণমূল কংগ্রেসের মামলা কলকাতা হাইকোর্টে ফেরত পাঠালো সুপ্রিম কোর্ট।

প্রধান বিচারপতি সূর্যকান্ত ও দুই বিচারপতি জয়মাল্য বাগচি এবং ভি মোহানার বেঞ্চ জানিয়েছেন, এই মুহূর্তে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করাই হবে এই মামলার উপযুক্ত পদক্ষেপ। তবে, মামলাকারী শোভনদেব চট্টোপাধ্যায় এবিষয়ে হাইকোর্টে আলাদা মামলা দায়ের করতে পারবেন। মামলার নিষ্পত্তিতে ডিভিশন বেঞ্চ গঠনের জন্য হাইকোর্টের প্রধান বিচারপতির কাছে অনুরোধ জানিয়েছে শীর্ষ আদালত।

উল্লেখ্য, বিদ্রোহী বিধায়কদের ব্যাপারে বিধানসভার অধ্যক্ষের তিন মাসের মধ্যে সিদ্ধান্ত নেওয়ার কথা থাকলেও তা এখনও হয়নি।

oooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ে ৪০ বছরের পুরনো শ্যামপুজোর প্যান্ডেল তৈরিতে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের প্রাক্তন ব্লক সভাপতি কাইজার আহমেদের বিরুদ্ধে। পুজো উদ্যোক্তা সুরজিৎ পালের অভিযোগ ওই জমি নিয়ে কলকাতা হাইকোর্টে মামলা চলছে। তা সত্ত্বেও কাইজার আহমেদের লোকজন প্যান্ডেল তৈরিতে বাধা দেয়।

অন্যদিকে, কাইজার জানিয়েছে, জমির বর্তমান মালিক রেখা মন্ডল ১৬৩ ধারা জারির কথা জানিয়ে পুজো করতে দেবেন না বলে সিদ্ধান্ত নেয়। ঘটনায় তার কোন যোগ নেই। পুলিশ বিষয়টি তদন্ত শুরু করেছে।

oooooooooooooooo

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে সেকেন্ডারী এলাকায় কালীপুজোর প্রস্তুতিকে কেন্দ্র করে রাজনৈতিক উত্তেজনা ছড়িয়েছে। তৃণমূল কংগ্রেসের প্রাক্তন কাউন্সিলার পল্লবরঞ্জন নাগকে মারধোরের অভিযোগ উঠেছে একদল দুষ্কৃতির বিরুদ্ধে। জানা গেছে, কালীপুজোর প্রস্তুতি চলাকালীন ওই দুষ্কৃতিরা সেখানে গিয়ে পুজো বন্ধের জন্য পল্লবকে হুমকি দেয়। তাকে মারধোরও করা হয় বলে অভিযোগ। প্রাক্তন কাউন্সিলার এই ঘটনায় বিজেপি-কে দায়ী করলেও দলের জেলা মুখপাত্র সুমন্ত মন্ডল জানিয়েছেন, এর সঙ্গে বিজেপি-র কোন সম্পর্ক নেই। তৃণমূল কংগ্রেসের গোষ্ঠী দ্বন্দ্বকে এজন্য দায়ী করেছেন তিনি।

oooooooooooooooo

মুর্শিদাবাদের বহরমপুরে একই দিন তিনটি সাইবার প্রতারণা এবং একটি আর্থিক তছরূপের অভিযোগে চাঞ্চল্য ছড়িয়েছে। সব মিলিয়ে আত্মসাৎ করা টাকার অঙ্ক ১৬ লক্ষ ৫৭ হাজার টাকার বেশী। জানা গেছে, বহরমপুরে রবীন্দ্রনাথ ঠাকুর রোডের এক বাসিন্দার থেকে ওটিপি নিয়ে অনলাইনে ৩ লক্ষ টাকা হাতিয়ে নেওয়া হয়েছে।

একই সঙ্গে বহরমপুরের অপর দুই বাসিন্দার সেভিংস অ্যাকাউন্ট থেকে ৩ লক্ষ টাকা তুলে নিয়েছে প্রতারকরা।

অন্যদিকে, এক বহু জাতিক সংস্থার কর্মীর বিরুদ্ধে ১০ লক্ষ টাকার বেশী তছরূপের অভিযোগ উঠেছে। পুলিশ প্রতিটি ঘটনার উপযুক্ত তদন্ত করছে।

oooooooooooooooooo

বাতাসে জলীয় বাষ্প প্রবেশের কারণে আজও কলকাতা সহ দক্ষিণ বঙ্গে আকাশ আংশিক মেঘলা এবং কোথাও কোথাও স্থানীয় ভাবে হালকা বৃষ্টির পূর্বাভাস রয়েছে। যদিও আজ থেকে আগামী দুই তিন দিনে সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা কমার সম্ভাবনা রয়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩ দশমিক পাঁচ ডিগ্রি সেলসিয়াস, গতকালের থেকে যা প্রায় দু ডিগ্রি কম। এদিকে গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের নিচে। আপাতত রাজ্যে আবহাওয়া জনিত কোন সতর্কতা নেই বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

oooooooooooooooooo

ইডেনে রঞ্জি ট্রফি ক্রিকেটের বাংলা মহারাষ্ট্রের সামনে জয়ের জন্য ১১২ রানের লক্ষ্যমাত্রা রেখেছে। আজ চতুর্থ দিনে বাংলার দ্বিতীয় ইনিংস ১৮৬ রানে শেষ হয়। অভিষেক পোরেল ৬৫, সুমন্ত গুপ্ত ৫৯ রান করেন। মহারাষ্ট্রের হয়ে প্রদীপ দাধে, হীতেশ ওয়ালঞ্জ চারটি করে উইকেট নিয়েছেন। দুটি উইকেট নিয়েছেন তনয় সাংভি। উল্লেখ্য, বাংলার প্রথম ইনিংসে ১৪৩ রানের জবাবে, মহারাষ্ট্র প্রথম ইনিংসে করেছিলো ২১৮ রান। জবাবে ব্যাট করতে নেমে মহারাষ্ট্র বিনা উইকেটে ৭৩ রান করেছে।

oooooooooooooooooo

oooooooooooooooooo